গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং- শিম/শাঃ ১৭/১০ এম-১৫/২০০৭(অংশ-২)/৪৭৫ তারিখঃ ০৬/০৯/২০১০ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

**বিষয় ঃ শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচীর অধীনে ২০১০-২০১১ অর্থ বছরে গবেষণা প্রস্তাব আহবান।**

উচ্চতর গবেষণা পৃষ্ঠপোষকতার মাধ্যমে উন্নত প্রযুক্তির আহরণ, উদ্ভাবন এবং প্রয়োগের বিস্তৃতি সাধন করা, বিশেষ করে দেশের তুলনামূলক সুবিধা (comparative advantage) চিহ্নিতকরণ এবং তা ফলপ্রসুভাবে কাজে লাগিয়ে সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার, অনুশীলন ও প্রায়োগিক দক্ষতাসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক প্রযুক্তিবিদ (critical mass) গড়ে তোলার লক্ষ্যে নিম্নেবর্ণিত গবেষণার ক্ষেত্রসমূহে শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে সংরক্ষিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

- গাণিতিক বিজ্ঞান (Mathematical Sciences);
- জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Sciences);
- ভৌত বিজ্ঞান (Physical Sciences).

২। বাংলাদেশের সকল সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত স্নাতকোত্তর কলেজসমূহের সংশ্লিষ্ট বিভাগ এবং সরকারী চিকিৎসা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহের বিভিন্ন বিভাগ উচ্চতর গবেষণা সহায়তার জন্য আবেদন করতে পারবে। আবেদন ফরমে নির্ধারিত স্থানে মুখ্য গবেষকের টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল, ফ্যাক্স নম্বর (যদি থাকে) তা আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৩। **গবেষণা সহায়তা প্রাপ্তির শর্ত সমূহ ঃ**

- আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও খ্যাত (আন্তর্জাতিক রেটিংধারী) জার্নালে গত পাঁচ বছরে গবেষক টীম-এর *ক্ষেত্রে* কমপক্ষে *৫ টি এবং ব্যক্তির ক্ষেত্রে* কমপক্ষে *২টি* গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে এমন গবেষকবৃন্দ/গবেষক;
- আবেদনকারী গবেষক টীম/ গবেষককে আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপনার অভিজ্ঞতা থাকতে হবে;
- ন্যূনতম গবেষণা অবকাঠামো, চলমান গবেষণা সংখ্যা, গবেষণা প্রকাশনা এবং গবেষণা কর্মকান্ডের বৈদেশিক সংযোগমান সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;
- দেশে প্রায়োগিক উপযোগিতা ও বর্তমান যুগের প্রেক্ষাপটে জাতীয় চাহিদার কথা বিবেচনায় রেখে গবেষণার বিষয়বস্তু নির্ধারণ করা হবে;
- গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঞ্জক বুৎপত্তি (Achievement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে;
- আবেদনকারীকে তার জানামতে তিনজন বিশেষজ্ঞের নাম (রেফারী হিসেবে) উল্লেখ করতে হবে;

৪। **সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর লিখিত আবেদনপত্র আগামী ৩১ অক্টোবর, ২০১০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে (পাঁচ প্রস্থ আবেদনপত্র সিডিসহ) শিক্ষা মন্ত্রণালয়ের বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১নং সোনারগাঁও রোড, পলাশী, নীলক্ষেত, ঢাকা - ১২০৫ তে পৌঁছানো নিশ্চিত করতে হবে।** নির্ধারিত ফরম ছাড়া এবং নির্ধারিত সময়ের পর ও অসম্পূর্ণ কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনকারীকে গবেষণা প্রস্তাবের বিষয়বস্তুর গুরুত্ব, সাফল্য-সম্ভাবনা, গবেষণার আবশ্যকীয় বিষয়াদি ও গবেষণা খাতে ব্যয়ের যৌক্তিকতা পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রাথমিক বাছাই কমিটি/জাতীয় স্টিয়ারিং কমিটির সম্মুখে প্রয়োজনে যথাসময়ে উপস্থাপন করতে হবে।

৫। গবেষণা সহায়তা কর্মসূচীর যাবতীয় তথ্য সম্বলিত নীতিমালা ও আবেদন ফরম শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইট www.moedu.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

( রঞ্জিৎ কুমার সেন )
উপসচিব
ফোনঃ ৭১৬১১৭৬

Faruq\ D:\Stearing Committee Folder\Biggopti (Higher Education).doc

অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

নং- শিম/শাঃ ১৭/১০ এম-১৫/২০০৭(অংশ-২)/৪৭৬(৪) তারিখঃ ০৮/০৯/২০১০ খ্রিঃ

**বিষয় ঃ শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচীর অধীনে ২০১০-২০১১ অর্থ বছরে গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিলের আহবান সম্বলিত বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৯/২০১০ খ্রিঃ তারিখের শিম/শাঃ ১৭/১০ এম-১৫/২০০৭(অংশ-২)/৪৭৫ সংখ্যক স্মারকের বিজ্ঞপ্তিটি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

২। বিজ্ঞপ্তিটি আগামী ১৫/০৯/২০১০ তারিখের মধ্যে আপনার বহুল প্রচারিত দৈনিকে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করতঃ প্রকাশিত পত্রিকার এক প্রস্থ সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-১)] বরাবর প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ ১ (এক) পাতা বিজ্ঞপ্তি।

০৮/০৯/১০
( রঞ্জিৎ কুমার সেন )
উপসচিব
ফোনঃ ৭১৬১১৭৬

বিতরণ ঃ

১। সম্পাদক, দৈনিক প্রথম আলো, ১০০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, সিএ ভবন, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
২। সম্পাদক, দৈনিক যুগান্তর, ১২/৭, উত্তর কমলাপুর, ঢাকা - ১২১৭।
৩। সম্পাদক, দি ডেইলী স্টার, ১৯, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
৪। সম্পাদক, দি নিউ এজ, হলিডে বিল্ডিং, ৩০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮।

নং- শিম/শাঃ ১৭/১০ এম-১৫/২০০৭(অংশ-২)/৪৭৬(৪)(৮৮) তারিখঃ ০৮/০৯/২০১০ খ্রিঃ

সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি প্রচারের যথাযথ কার্যক্রম গ্রহণের অনুরোধসহ বিজ্ঞপ্তির কপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[ দৃষ্টি আকর্ষণ ঃ যুগ্ম-সচিব (সম্প্রচার)। ]
২-৩২। উপাচার্য ............................................................................................... (সকল সরকারী বিশ্ববিদ্যালয়)।
৩৩-৮৪। উপাচার্য ............................................................................................... (সকল বেসরকারী বিশ্ববিদ্যালয়)।
৮৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮৬। পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১নং সোনারগাঁও রোড, পলাশী নীলক্ষেত, ঢাকা - ১২০৫।
৮৭। সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
৮৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮/০৯/২০১০
( রঞ্জিৎ কুমার সেন )
উপসচিব

Faruq\ D:\Stearing Committee Folder\Biggopti (Higher Education).doc

# শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচি

# নীতিমালা

## ভূমিকা

প্রতিযোগিতামূলক সমকালীন বিশ্বে উন্নয়ন ত্বরান্বিত করার অন্যতম নিয়ামক হলো সর্বাধুনিক প্রযুক্তি জ্ঞানে প্রশিক্ষিত ও সমৃদ্ধ জনশক্তি। এরূপ জনশক্তি স্থানীয় সম্পদ ও প্রাসঙ্গিক উপকরণ কাজে লাগিয়ে বাস্তবানুগ উদ্ভাবনে দক্ষতার পরিচয় দিতে পারে। এ কথা সত্য যে, বাংলাদেশে প্রচলিত শিক্ষা ব্যবস্থা থেকে এরূপ জনশক্তি খুব একটা বেরিয়ে আসছে না। উন্নত প্রযুক্তি আহরণ, উদ্ভাবন এবং প্রয়োগ করার ক্ষেত্রে পিছিয়ে থাকার কারণে দেশের কাংখিত অগ্রগতি অর্জন সম্ভব হচ্ছে না। এ অবস্থা নিরসনকল্পে উচ্চতর গবেষণা খাতে বিনিয়োগের মাধ্যমে প্রয়োজনীয় সংখ্যক মান সম্পন্ন বিজ্ঞানী ও প্রযুক্তিবিদ গড়ে তোলার উদ্যোগ নেয়া আবশ্যক। সেজন্য শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচি বাস্তবায়নকল্পে প্রায়োগিক নীতিমালা নিম্নে বিধৃত হলো।

## ২। লক্ষ্য ও উদ্দেশ্য

- উচ্চতর গবেষণা পৃষ্ঠপোষকতার মাধ্যমে উন্নত প্রযুক্তির আহরণ, উদ্ভাবন এবং প্রয়োগের বিস্তৃতি সাধন করা, বিশেষ করে দেশের তুলনামূলক সুবিধা (comparative advantage) চিহ্নিতকরণ এবং তা ফলপ্রসুভাবে কাজে লাগানো;
- সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার, অনুশীলন ও প্রায়োগিক দক্ষতাসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক প্রযুক্তিবিদ (critical mass) গড়ে তোলা;
- দেশজ সম্পদ ও মেধার অধিকতর কার্যকর ব্যবহারের মাধ্যমে সামগ্রিকভাবে উৎপাদন ব্যয় হ্রাস এবং প্রবৃদ্ধি ত্বরান্বিত করা;
- পরিবেশ অনুকূল উৎপাদন সংস্কৃতি গড়ার বৈশ্বিক আন্দোলনে (যেমন-বৈশ্বিক উষ্ণায়ণ মোকাবেলা) বাংলাদেশের সক্রিয় সম্পৃক্ততা নিশ্চিত করা;
- মৌলিক ও ফলিত গবেষণাকে অগ্রাধিকার দেয়া।

## ৩। গবেষণা অধিক্ষেত্র:

- গাণিতিক বিজ্ঞান (Mathematical Sciences);
- জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Sciences);
- ভৌত বিজ্ঞান (Physical Sciences).

## ৪। গবেষণা সহায়তার আওতা

বাংলাদেশের সকল পাবলিক ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর আওতাভুক্ত স্নাতকোত্তর কলেজসমূহের সংশ্লিষ্ট বিভাগ এবং পাবলিক চিকিৎসা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহের বিভিন্ন বিভাগ উচ্চতর গবেষণা সহায়তার আওতাভুক্ত বলে গণ্য হবে।

চলমান পাতা/২

## ৫। গবেষণা সহায়তা প্রাপ্তির শর্ত

গবেষণা সহায়তা প্রাপ্তির যোগ্যতার শর্তসমূহ হবে ঃ-

- আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও খ্যাত (আন্তর্জাতিক রেটিংধারী) জার্নালে গত পাঁচ বছরে গবেষক টীম-এর *ক্ষেত্রে* কমপক্ষে *৫ টি এবং ব্যক্তির ক্ষেত্রে* কমপক্ষে *২টি* গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে এমন গবেষকবৃন্দ/গবেষক;
- আবেদনকারী গবেষক টীম/ গবেষককে আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপনার অভিজ্ঞতা থাকতে হবে;
- ন্যূনতম গবেষণা অবকাঠামো, চলমান গবেষণা সংখ্যা, গবেষণা প্রকাশনা এবং গবেষণা কর্মকান্ডের বৈদেশিক সংযোগমান সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;
- দেশে প্রায়োগিক উপযোগিতা ও বর্তমান যুগের প্রেক্ষাপটে জাতীয় চাহিদার কথা বিবেচনায় রেখে গবেষণার বিষয়বস্তু নির্ধারণ করা হবে;
- গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঞ্জক বুৎপত্তি (Achievement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে;
- আবেদনকারীকে তার জানামতে তিনজন বিশেষজ্ঞের নাম (রেফারী হিসেবে) উল্লেখ করতে হবে।

## ৬। গবেষণা সহায়তা প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি জারী:

(ক) প্রত্যেক বছর জানুয়ারী-ফেব্রুয়ারী মাসের মধ্যে উচ্চতর গবেষণা অনুদান বিতরণ সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয় হতে পত্রিকার মাধ্যমে এবং অন-লাইনে বিজ্ঞপ্তি জারী করা হবে এবং বিজ্ঞপ্তি অনুযায়ী সহায়তা প্রাপ্তির আবেদনপত্র জমা নেয়া হবে। শিক্ষা মন্ত্রণালয় আবেদন ফরম সরবরাহ করবে;

(খ) গবেষণা প্রস্তাব (research proposal) প্রকল্প আকারে উপস্থাপন করতে হবে। প্রস্তাবের সাথে গবেষণার মেয়াদ, গবেষণা টীমের পরিচিতি এবং যোগ্যতা, গবেষণার উপযোগিতা, প্রাসঙ্গিকতা, লক্ষ্য এবং কর্মপরিকল্পনা প্রদান করতে হবে;

(গ) গবেষণা প্রস্তাবের সাথে গবেষণার ব্যয় প্রাক্কলন (expenditure plan) প্রদান করতে হবে;

(ঘ) গবেষক টীমের সদস্যবৃন্দ একাধিক বিভাগ থেকে যৌথভাবে গবেষণা কাজ বাস্তবায়নকল্পে সহায়তার আবেদন করতে পারবে;

(ঙ) বিদেশী বিশ্ববিদ্যালয় বা গবেষণা প্রতিষ্ঠান অথবা দেশীয় গবেষণা প্রতিষ্ঠান গবেষণা সহযোগী হতে পারবে;

(চ) গবেষণা প্রস্তাবসমূহের প্রাথমিক যাচাই-বাছাই এবং একাডেমিক গ্রহণযোগ্যতা নিরূপণের জন্য একটি প্রাথমিক বাছাই কমিটি থাকবে। কমিটি গঠন হবে নিম্নরূপ ঃ-

### প্রাথমিক বাছাই কমিটি

- বিজ্ঞানী হিসেবে স্বীকৃত জাতীয় পর্যায়ের কোন ব্যক্তিত্ব - চেয়ারম্যান
- সংশ্লিষ্ট বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক (উপাচার্য মনোনীত) - সদস্য
- সংশ্লিষ্ট বিষয়ে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক (উপাচার্য মনোনীত) - সদস্য
- সংশ্লিষ্ট বিষয়ে বেসরকারী বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক (উপাচার্য মনোনীত) - সদস্য
- উপাচার্যের প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (অধ্যাপকের নীচে নয়) - সদস্য
- উপাচার্যের প্রতিনিধি, রাজশাহী বিশ্ববিদ্যালয় (অধ্যাপকের নীচে নয়) - সদস্য
- উপাচার্যের প্রতিনিধি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (অধ্যাপকের নীচে নয়) - সদস্য
- উপাচার্যের প্রতিনিধি, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (অধ্যাপকের নীচে নয়) - সদস্য
- উপাচার্যের প্রতিনিধি, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (অধ্যাপকের নীচে নয়) - সদস্য
- সংশ্লিষ্ট বিষয়ে ঢাকা মেডিক্যাল কলেজের একজন অধ্যাপক (ডিএমসি মনোনীত) - সদস্য
- যুগ্ম-সচিব (বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয় - সদস্য-সচিব।

## ৭। একাডেমিক রেটিং

(ক) প্রাথমিক বাছাই কমিটির সুপারিশ প্রাপ্তির পর শিক্ষা মন্ত্রণালয় গবেষণা প্রস্তাবসমূহের একাডেমিক রেটিং এর ব্যবস্থা করবে। বাংলাদেশের অথবা বাংলাদেশের বাইরের উন্নত কোন বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের কোন বিশেষজ্ঞ অধ্যাপক অথবা বিশেষজ্ঞের নিকট হতে গবেষণা প্রস্তাবের মৌলিকত্ব, প্রায়োগিক উপযোগিতা, গবেষণা পরিচালনার সুবিধা-অসুবিধা, গবেষণা প্রস্তাবের মান বা কমিটমেন্ট এবং দুর্বলতা (যদি থাকে), গবেষণার সাফল্য সম্ভাবনা এবং আনুষঙ্গিক করণীয় সম্পর্কে মন্তব্য প্রতিবেদন সংগ্রহ করা হবে। বিজ্ঞানী/ অধ্যাপক/অধ্যাপকগণ দেশের অথবা দেশের বাইরেরও হতে পারেন;

(খ) গবেষণার তিন অধিক্ষেত্রের জন্য ভিন্ন ভিন্ন বিশেষজ্ঞের মতামত সংগ্রহ করতে হবে;

(গ) বিশেষজ্ঞগন প্রাথমিকভাবে বাছাইকৃত গবেষণা প্রস্তাবসমূহের উপর একটি রেটিং প্রদান করবেন যাতে সহায়তা প্রদানের অগ্রাধিকার তালিকা প্রণয়ন বা সহায়তা প্রদান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যায়;

(ঘ) বিশেষজ্ঞগণের রেটিং-কে চূড়ান্ত বাছাই এর জন্য অন্যতম প্রধান ভিত্তি হিসেবে গণ্য করা হবে;

(ঙ) প্রত্যেক বছর একই বিশেষজ্ঞের নিকট হতে মতামত সংগ্রহ করতে হবে এমন কোন বাধ্যবাধকতা থাকবেনা;

(চ) বিশেষজ্ঞদের রেটিং ০১ (এক) মাসের মধ্যে সংগ্রহ করা নিশ্চিত করতে হবে; এবং প্রয়োজনীয় ক্ষেত্রে বিদেশী বিশেষজ্ঞ দ্বারা পুণর্মূল্যায়ন করা হবে।

## ৮। বাস্তবায়ন দায়িত্ব

কর্মসূচিটি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবে শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। একটি জাতীয় স্টিয়ারিং কমিটির নেতৃত্বে সামগ্রিক কাজটি পরিচালিত হবে যার গঠন হবে নিম্নরূপঃ

### (ক) জাতীয় স্টিয়ারিং কমিটি

- সচিব, শিক্ষা মন্ত্রণালয় - চেয়ারম্যান
- চেয়ারম্যান, প্রাথমিক বাছাই কমিটি - সদস্য
- সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন - সদস্য
- ডীন, বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় - সদস্য
- প্রতিনিধি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় *(অধ্যাপকের নীচে নয়)* - সদস্য
- প্রতিনিধি, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় *(অধ্যাপকের নীচে নয়)* - সদস্য
- প্রতিনিধি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় *(অধ্যাপকের নীচে নয়)* - সদস্য
- প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয় মনোনীত বেসরকারী বিশ্ববিদ্যালয় *(অধ্যাপকের নীচে নয়)* - সদস্য
- প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয় মনোনীত বেসরকারী মেডিক্যাল/প্রকৌশল কলেজ *(অধ্যাপকের নীচে নয়)* - সদস্য
- প্রতিনিধি, অর্থ বিভাগ - সদস্য
- যুগ্ম-সচিব (বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয় - সদস্য-সচিব।

চলমান পাতা/৪

**(খ) কমিটির কার্যপরিধি**

- শিক্ষা খাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির চূড়ান্ত নীতিমালা প্রণয়ন, সংশোধন বা পরিমার্জন এবং কর্মসূচির বাস্তবায়ন পরিবীক্ষণ ও সার্বিক মূল্যায়ন;
- প্রাথমিক বাছাই কমিটি গঠন এবং কমিটির রিপোর্ট প্রদানের মেয়াদ ও দায়িত্ব নির্ধারণ;
- গবেষণা প্রস্তাবসমূহের একাডেমিক রেটিংসহ মন্তব্য প্রতিবেদন প্রদানের জন্য বাংলাদেশ অথবা প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশের বাইরের উন্নত কোন বিশ্ববিদ্যালয় অথবা গবেষণা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের নামকরা বিশেষজ্ঞ বাছাই করা এবং যথাসময়ে মন্তব্য প্রাপ্তির জন্য তাঁর/তাঁদের সাথে যোগাযোগ স্থাপন;
- প্রাথমিক বাছাই কমিটির বাছাই করা গবেষণা প্রস্তাবসমূহের উপর বিশেষজ্ঞ /বিশেষজ্ঞগণের (গবেষণার তিনটি অধিক্ষেত্রের জন্য তিনজন পৃথক পৃথক বিশেষজ্ঞ) মতামত সংগ্রহ এবং সেগুলো বিবেচনা করা;
- গবেষণা প্রস্তাবের ব্যয় প্রাক্কলন পরীক্ষা, আবশ্যকীয় সহায়তার পরিমাণ নিরূপণ এবং বরাদ্দ বিতরণ কাঠামো (সময় ও অর্থ ছাড়ের পদ্ধতি) নির্ধারণ;
- গবেষণা সহায়তা প্রাপ্তির জন্য আবেদন ফরম প্রণয়ন;
- গবেষণা সহায়তা প্রদান বিষয়ক চুক্তিনামা প্রণয়ন;
- গবেষণা সহায়তার জন্য মনোনীত গবেষক/ গবেষক টীমের সাথে সহায়তা চুক্তি সম্পাদন;
- গবেষণা অগ্রগতি পরিদর্শন, পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- প্রয়োজন সাপেক্ষে সহায়তা প্রদান স্থগিত করা বা সহায়তার পরিমাণ পুণঃর্নির্ধারণ;
- প্রদত্ত সহায়তার অর্থ ব্যবহার সংক্রান্ত কাজের অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা পরিচালনা এবং নিরীক্ষা প্রতিবেদন মূল্যায়ন।

**৯। গবেষণা সহায়তা প্রদান নীতি**

- গবেষণা সহায়তা বরাদ্দ সম্পূর্ণভাবে প্রতিযোগিতামূলক রেটিং এবং যাচাইকৃত ব্যয় প্রাক্কলন এর ভিত্তিতে নির্ধারিত হবে;
- সহায়তা বরাদ্দ পূর্ব নির্ধারিত কিস্তি এবং কিস্তি মেয়াদ অনুসারে বিতরণ করা হবে;
- গবেষণা অগ্রগতি সন্তোষজনক প্রতীয়মান না হলে অর্থ প্রদান স্থগিতকরণ, পুণঃতফসিলীকরণ করা যাবে বা বরাদ্দের পরিমাণ পুনঃনির্ধারণ করা যাবে;
- যুক্তিযুক্ত কারণ ছাড়া গবেষণার ধারাবাহিকতা ক্ষুন্ন করা হলে গবেষণা সহায়তা স্থগিত বা বাতিল করা যাবে;
- সহায়তার অর্থ গবেষণা উপকরণ সংগ্রহ, গবেষক সম্মানী, গবেষণা বৃত্তি, দেশী-বিদেশী গবেষণা সফর, গবেষণা জরীপ ব্যয়, গবেষণা সেমিনার, গবেষণা প্রকাশনা এবং গবেষণা ল্যাবরেটরী স্থাপন কাজে ব্যয় করা যাবে;
- স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গবেষণা শেষে গবেষণা পরিচালনার স্থল বা প্রতিষ্ঠান/বিভাগ গবেষণার জন্য ক্রয়কৃত উপকরণাদি প্রাপ্তির বিষয়ে অগ্রাধিকার পাবে।
- মৌলিক গবেষণা এবং ফলিত বা প্রায়োগিক গবেষণাকে অগ্রাধিকার দেয়া হবে;
- গবেষণা সহায়তার অর্থ নিছক নির্মাণ কাজ বা পূর্ত অবকাঠামো উন্নয়ন কাজে ব্যয় করা যাবে না;
- গবেষণা কর্মে স্থানীয় গবেষণা প্রতিষ্ঠান, শিল্প উদ্যোক্তা, সমাজ হিতৈষীদের গবেষণা সহযোগিতা বা অনুদান গ্রহণ করা যাবে;
- গবেষণার ফলাফল যথাসময়ে পাওয়া নিশ্চিত করতে হবে;
- গবেষণা সম্পন্ন করার মেয়াদ সর্বোচ্চ ৩ বছর হতে পারে।

- গবেষণা কর্মসূচির আওতায় কোন প্রকার পদসৃজন বা নিয়োগ গ্রহণযোগ্য হবেনা। কারিগরি সহায়তা, তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ প্রয়োজন হলে চুক্তিভিত্তিক জনবল কাজ করতে পারবে। তবে এরূপ নিয়োজিত জনবল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বা সরকারের কর্মচারী বলে গণ্য হবেন না;
- গবেষণা কার্যক্রমের ফলাফল প্রতিবেদনাকারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বা শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত লাইব্রেরীতে সংরক্ষণ করা হবে;
- উন্নতমানের গবেষণা প্রবন্ধ সমন্বয়ে গবেষণা জার্নাল প্রকাশ করা যেতে পারে;
- গবেষণা প্রতিবেদন সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়, অধিদপ্তর বা স্বায়ত্বশাসিত সংস্থার কাছে সরবরাহ করা যেতে পারে।

## ১০। গবেষণা মূল্যায়ন

ক) প্রতি বছর প্রাথমিক বাছাই কমিটি গবেষণা সহায়তা ব্যবহারকারীদের কার্যক্রম আনুষ্ঠানিক মূল্যায়ন করবে ও প্রতিবেদন তৈরী করবে। গবেষণা ফলাফলের প্রায়োগিক ব্যবহার সম্পর্কে জাতীয় স্টিয়ারিং কমিটি উক্ত প্রতিবেদন অনুযায়ী সরকারকে অবহিত করবে।

খ) প্রতি বছর সমাপ্ত প্রকল্পের মধ্যে শ্রেষ্ঠ গবেষণা কর্ম হিসেবে নির্বাচিত গবেষক/ গবেষক টীমকে জাতীয় স্টিয়ারিং কমিটি পুরস্কারের জন্য নির্বাচন করবে।

## ১১। গবেষণা ও বরাদ্দ

প্রতি বছর শিক্ষা মন্ত্রণালয়ের বাজেটের সচিবালয় অংশে উচ্চতর গবেষণা ব্যয় খাতে বরাদ্দ থাকবে। এ ব্যাপারে স্টিয়ারিং কমিটি প্রয়োজনীয় বাজেট বরাদ্দের প্রস্তাব উপস্থাপন করবে।

## ১২। কর্মসূচির আনুষঙ্গিক ব্যয় নির্বাহ

প্রাথমিক বাছাই কমিটি ও জাতীয় স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, বিদেশী বিশেষজ্ঞসহ কমিটি সদস্যদের সম্মানী এবং কর্মসূচির অন্যান্য প্রয়োজনীয় আনুষঙ্গিক ব্যয় বর্ণিত গবেষণা ব্যয় বরাদ্দ হতে নির্বাহ করা হবে। এ ব্যাপারে জাতীয় স্টিয়ারিং কমিটি বছরের শুরুতেই সম্ভাব্য বাজেট প্রণয়ন করবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**Govt. of the People's Republic of Bangladesh**

ফটো
(যথাযথ ভাবে সত্যায়িত)

শিক্ষা মন্ত্রণালয়
**Ministry of Education**

**Photo**
**( duly attested )**

শিম
**MOE**

# বিজ্ঞানে উচ্চতর গবেষণা অনুদান
# Grants for Advanced Research in Science

আবেদন পত্র

**Application Form**

| | |
|---|---|
| এই আবেদনের অনুদান ক্ষেত্র ( একটি বাক্সে টিক দিন)<br>This application is for a grant in (please tick one box) | □ গাণিতিক বিজ্ঞান<br>Mathematical Sciences<br>□ ভৌত বিজ্ঞান<br>Physical Sciences<br>□ জীবন সম্পর্কিত বিজ্ঞান<br>Life Sciences |
| ১. মুখ্য গবেষক<br>***Principal Investigator*** | |
| পদবী (বৃত্তায়ন করুন)<br>Circle title: Mr. Ms. Dr. Prof.<br>পুরা নামঃ<br>Full Name: | নাম ও প্রতিষ্ঠানের ডাক ঠিকানা<br>Name and postal address of institution |
| জাতীয়তাঃ<br>Nationality:<br>জন্ম তারিখঃ<br>Date of birth:<br>ফোনঃ<br>Phone:<br>ফ্যাক্স<br>Fax<br>ই-মেইলঃ<br>Email: | |
| দক্ষতার ক্ষেত্র<br>Major field of specialization | গবেষণাটি যে বিভাগ অথবা প্রতিষ্ঠানে করা হবে:<br>Department*(s) or* institution where the research will be carried out |

১৫৫

| প্রতিষ্ঠান প্রধানের নাম<br>Name of head of ***the department/***institution | ফোন<br>Phone<br><br>ফ্যাক্স<br>Fax<br><br>ই-মেইল<br>E-mail |
|---|---|

*২. শিক্ষা (বি,এস,সি পর স্নাতকোত্তর ডিগ্রি সমূহ)*
***Education***

| | | |
|---|---|---|
| ☐ এম,এস,সি<br>M.Sc. | তারিখঃ<br>date: | প্রতিষ্ঠানঃ<br>institution: |
| ☐ পি,এইচ, ডি<br>Ph.D. | তারিখঃ<br>date: | প্রতিষ্ঠানঃ<br>institution: |
| *☐ পোস্ট ডক্টরাল*<br>***Post Doctoral*** | *তারিখঃ*<br>***date:*** | প্রতিষ্ঠানঃ<br>institution: |
| *☐ অন্যান্য*<br>***Other Postgraduate professional degrees*** | *তারিখঃ*<br>***date:*** | প্রতিষ্ঠানঃ<br>institution: |

*৩. সহ-গবেষক (গণ)*
***Co-investigator (s)***

| পুরা নামঃ<br>Full Name: | নাম ও প্রতিষ্ঠানের ডাক ঠিকানা<br>Name and postal address of department and institution |
|---|---|

(মুখ্য গবেষক ও সহ-গবেষক (গণ) এর জীবন বৃত্তান্ত সংযুক্ত করুন)
(Attach CV of Principal and Co-investigators)

| |
|---|
| ৪. *গবেষণা প্রকল্প*<br>***Research Project*** |
| প্রকল্পের শিরোনাম<br>Project title: |
| প্রকল্পের সারাংশ (অনধিক ২০০শব্দ)<br>Summary of the project (maximum 200 words ) |
| নির্ণায়ক শব্দ (৩-৫টি ধারণা):<br>Keywords (3 - 5 concepts): |
| ৫. *আন্তর্জাতিক পর্যায়ের জার্নালে বিগত ৫ বছরে প্রকাশিত প্রকাশনার তালিকা (রিপ্রিন্ট সমূহ সংযুক্ত করুন)*<br>***List of articles published during last 5 years* in journals of international standard *(attach the reprints )*** |
| |

৬. তারিখ ও স্থান উল্লেখসহ গবেষণা প্রকল্পের সাথে সম্পর্কিত সেমিনার/ সিম্পোজিয়াম/কর্মশালায় বিগত ৫ বছরে প্রবন্ধ উপস্থাপন অথবা সেমিনারে অংশ গ্রহণের তালিকা

***List of presentations in seminars/symposia/workshops during last 5 years (mention place and date).***

৭. প্রস্তাবিত গবেষণা প্রকল্পের লক্ষ্য ও কাংখিত ফলাফল এবং দেশ ও বিজ্ঞানের অগ্রগতির জন্য উপযোগিতা

***Objectives, expected outcome of the proposed research project and its relevance in the context of the country and the advancement of science.***

৮. প্রকল্পের বর্ণনা, গবেষণা ছক, সময় বিন্যাস

**Research methodology and time frame**

প্রয়োজনে অতিরিক্ত শিট ব্যবহার করুন
Use additional sheet(s) if necessary

***৯. রেফারী (ঠিকানা ও ই-মেইলসহ ৩ জন রেফারীর নাম প্রদান করুন)***

***Referees (give 3 names and addresses with emails of potential referees)***

১।

২।

৩।

***১০. এই প্রকল্পে পূর্বে সহায়তা প্রাপ্তি (যদি থকে)***

***Previous support obtained for this research project (if any)***

হ্যাঁ ☐ Yes

না ☐ No

থেকে From

শিম ☐ MOE

অন্যান্য (নির্দিষ্ট করুন) ☐ Other (specify)

যদি হ্যাঁ হয়, তবে নিম্নে সহায়তা প্রদানের ধরন, অর্থের পরিমান ও কোন প্রোগ্রামের আওতায় প্রদান করা হয়েছে তা উল্লেখ করুন।

If yes, please specify below the type of support and the programme under which it was awarded.

১১. *প্রস্তাবিত গবেষণা প্রকল্পের হিসাবকৃত বাজেট*

***Estimated budget for the proposed research project***

| প্রয়োজনীয় উপকরনাদি (নির্দিষ্ট করুন)<br>items needed (please specify) | সার্বিক খরচ (বাংলাদেশ টাকা)<br>Total cost (BD: TK) | | |
|---|---|---|---|
| a. যন্ত্রপাতি<br>Equipment | 1st Year | 2nd Year | 3rd Year |
| আংশিক মোট Subtotal a | | | |
| b. মনোহারী দ্রব্যদি<br>Consumable laboratory supplies | | | |
| আংশিক মোট Subtotal b | | | |
| c. পাঠ সামগ্রি<br>Literature<br>আংশিক মোট Subtotal c | | | |
| d. গবেষণা সফর ( সেমিনার /সেম্পোজিয়াম/ কর্মশালা<br>Scientific Visit (Seminar/Symposium/Workshop)<br>আংশিক মোট Subtotal d | | | |
| e. সম্মানী<br>Honorarium<br>i) মুখ্য গবেষক Principal Investigator<br>ii) সহ-গবেষক(গণ) Co-investigator(s)<br>iii) গবেষণা সহকারী (গণ) Research Assistant(s)<br>iv) টেকনিক্যাল সহকারী (গণ)Technical Assistant(s)<br>v) ডব্লিউ পি অপারেটর (গণ) WP Operator(s)<br>vi) অন্যান্য Others<br>আংশিক মোট Subtotal e | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| f. রিপোর্ট প্রণয়ন Report Preparation | | | | |
| আংশিক মোট Subtotal f | | | | |
| g. প্রকাশনা চার্জ Publication Charge | | | | |
| আংশিক মোট Subtotal | | | | |
| h. অন্যান্য যাবতীয় Miscellaneous | | | | |
| আংশিক মোট Subtotal h | | | | |
| সর্বমোট **TOTAL** (a+ b+ c+ d+ e+ f+ g+ h) | Tk: | | | |

কথায় In words:

১২. *মুখ্য গবেষকের স্বাক্ষর*

***Signature of Principal Investigator***

*স্বাক্ষর*
*Signature*...................................................... .

*স্থান ও তারিখ*
Place and date

***Recommendation of the Head of the Department/Institution:***

প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

**Recommended for approval.**

---

পুরা নাম ও পদবী
Full name and title

স্বাক্ষর
Signature

স্থান ও তারিখ
Place and date

*সিল*
*Seal*